**ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০১৯** এর খসড়া প্রস্তুত করা হয়েছে।

খসড়া নীতিমালার উপর আগামী ২১.১০.২০১৯ তারিখের মধ্যে মতামত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

মতামত প্রেরণের ঠিকানাঃ

ড. মোঃ ফজলুর রহমান
যুগ্মসচিব (পলিসি শাখা)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-মেইল: fazlu@ictd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০১৯

খসড়া

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

সূচিপত্র:

পটভূমি:……………………………………………………………………………………..……………..২
২. সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও সংজ্ঞা……………………………………………………………………………২
৩. উদ্দেশ্য………………………………………………………………………………………………………২
৪. পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ………………………………………………………………………………২
৫. পুরস্কারের শ্রেণী বিভাগ………………………………………………………………………………………৩
৬. পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যায়……………………………………………………………………………৩
৭. বাস্তবায়ন সময়সূচি……………………………………………………………………………………… ৩
৮. মনোনয়ন প্রক্রিয়া……………………………………………………………………………………………৩
৯. অনুমোদন……………………………………………………………………………………………………৬
১০. পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলি………………………………………………………৬
সংযোজনী-ক…………………………………………………………………………………………………৭
সংযোজনী-খ…………………………………………………………………………………………………৯
সংযোজনী-গ………………………………………………………………………………………………...১০

## পটভূমি:

রূপকল্পঃ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং ইতোমধ্যে অনেক উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। সরকারি দপ্তরসমূহের কাজের দ্রুততা, সচ্ছতা ও জবাবদিহিতা আনয়ন এবং জনগণের দোরগোড়ায় সরকারি সেবাসমূহ সহজে ও দ্রুততার সাথে পৌঁছেনো নিশ্চিত করতে ই-গভর্নেন্স তথা ডিজিটাল গভর্মেন্ট ব্যবস্থা প্রবর্তন আবশ্যক হয়ে পড়েছে। ডিজিটাল বাংলাদেশের ধারণা স্মরণীয় করে রাখতে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ ডিসেম্বর ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৭-৫৬৩ নং পরিপত্রের মাধ্যমে সরকার ১২ ডিসেম্বরকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস হিসেবে উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করে। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ নভেম্বর ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৩১১.০৬.৩১৪.১৮-৯৬৮(৩) নং পত্রের মাধ্যমে সরকার ১২ ডিসেম্বরকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস এর পরিবর্তে ডিজিটাল বাংলাদেশ দিবস হিসেবে উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সে লক্ষ্যে '**ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০১৯**' প্রণয়ন করা হলো।

## ২. সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও সংজ্ঞাঃ

২.১: **সংক্ষিপ্ত শিরোনাম** : এ নীতিমালা '**ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০১৯**' নামে অভিহিত হবে।

২.২: **প্রবর্তন** : এটি অবিলম্বে কার্যকর হবে।

২.৩: **সংজ্ঞাঃ**

(১) **ব্যক্তি ও দল** বলতে সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত যে কোন পর্যায়ের কর্মচারী/ কর্মকর্তাগণ/ব্যক্তি বুঝাবে।

(২) **প্রতিষ্ঠান** বলতে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানকে বুঝাবে।

(৩) **সচিব** বলতে সিনিয়র সচিব, সচিব ও ভারপ্রাপ্ত সচিব বুঝাবে।

## ৩. উদ্দেশ্যঃ

সরকারি বেসরকারি পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি/দল/প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের জন্য বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা।

## ৪. পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে পুরস্কার প্রদানের জন্য নিম্নোক্ত যে কোন ক্ষেত্র বিবেচনা করা হবে:

### ৪.১. সাধারণ

৪.১.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে মানব সম্পদ উন্নয়ন;
৪.১.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিল্পের বিকাশে অবদান;
৪.১.৩ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়নে অবদান;
৪.১.৪ কেন্দ্রীয় বা মাঠ পর্যায়ে ই-সার্ভিস বাস্তবায়ন; এবং
৪.১.৫ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে নাগরিক সেবার মানোন্নয়ন।

### ৪.২ কারিগরি

৪.২.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সফটওয়ার/হার্ডওয়ার উন্নয়ন;
৪.২.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের নিরাপত্তা (সাইবার নিরাপত্তা);
৪.২.৩ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গবেষণা ও উদ্ভাবন; এবং
৪.২.৪ বাংলাদেশে সমৃদ্ধি আনয়নে ইমার্জিং টেকনোলজির ব্যবহার।

## ৫. পুরস্কারের শ্রেণী বিভাগ

### ৫.১. জাতীয় পর্যায়ে (সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ৬টি করে মোট-১২টি পুরস্কার):

৫.১.১. সাধারণ ও কারিগরি ২টি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ তিনটি শ্রেণিতে ১টি করে মোট ৬টি পুরস্কার প্রদান করা হবে।

৫.১.২. পুরস্কার হিসেবে ক্রেস্ট, সম্মাননা সনদ, নগদ অর্থ প্রদান করা হবে। ব্যক্তিগত অবদানের ক্ষেত্রে ক্রেস্ট, সম্মাননাপত্র, নগদ জনপতি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে। দলগত অবদানের ক্ষেত্রে দলের সকল সদস্যকে সম্মাননাপত্র, নগদ জনপ্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে সর্বোচ্চ ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে। দলের সদস্য ০৫ জনের বেশি হলে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সমভাবে বন্টন করা হবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্রেস্ট ও সম্মাননা ও ১টি ল্যাপটপ প্রদান করা হবে।

### ৫.২. জেলা পর্যায়ে (সরকারি, বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের জন্য ৬টি করে মোট-১২টি পুরস্কার):

৫.২.১. সাধারন ও কারিগরি ২টি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ তিনটি শ্রেণিতে ১টি করে মোট ৬টি পুরস্কার প্রদান করা হবে (জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্তরা ব্যতীত)।

৫.২.২. পুরস্কার হিসেবে ক্রেস্ট, সম্মাননাপত্র, নগদ অর্থ প্রদান করা হবে। ব্যক্তিগত অবদানের ক্ষেত্রে ক্রেস্ট, সম্মাননাপত্র, নগদ জনপতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে। দলগত অবদানের ক্ষেত্রে দলের সকল সদস্যকে সম্মাননাপত্র, নগদ জনপ্রতি ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা করে মোট ১,২৫,০০০/-(এক লক্ষ পচিশ হাজার) টাকা প্রদান করা হবে। দলের সদস্য ০৫ জনের বেশি হলে ১,২৫,০০০/-(এক লক্ষ পচিশ হাজার) টাকা সমভাবে বন্টন করা হবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্রেস্ট ও ১টি ল্যাপটপ প্রদান করা হবে।

## ৬. পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়ঃ

পুরস্কার প্রদান কার্যক্রমের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকবে।

## ৭. বাস্তবায়ন সময়সূচি:

পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী ক্যালেন্ডার বছরের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকান্ড বিবেচনায় নেওয়া হবে এবং এ সম্পাদনের সময়সূচি নিম্নরুপ হবে:

| | | |
|---|---|---|
| মনোনয়ন আহবান | - | ০৫ জুলাই মধ্যে |
| জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ | - | ০৫ আগস্ট এর মধ্যে |
| জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ | - | ০৭ সেপ্টেম্বর এর মধ্যে |
| জেলা কমিটি/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ | - | ১০ সেপ্টেম্বর এর মধ্যে |
| মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ | - | ১৭ অক্টোবর এর মধ্যে |
| জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ | - | ৩০ অক্টোবর এর মধ্যে |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক জাতীয় কমিটিতে উপস্থাপন | - | ১০ নভেম্বর এর মধ্যে |
| জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ | - | ৩০ নভেম্বর এর মধ্যে |
| পুরস্কার ঘোষণা | - | ০৮ ডিসেম্বর এর মধ্যে |

## ৮. মনোনয়ন প্রক্রিয়া:

### ৮.১. প্রাথমিক মনোনয়ন প্রেরণ:

৮.১.১. মনোনয়নের প্রাথমিক প্রস্তাবনা ব্যক্তি, দল এবং প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ-এর স্থানীয় দপ্তর প্রধানের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮.১.২. যে সকল সরকারি প্রতিষ্ঠানের জেলা/উপজেলা পর্যায়ে স্থায়ী অফিস রয়েছে, সে সকল দপ্তরের জেলা কর্মকর্তা তার দপ্তরের প্রাথমিক মনোনয়ন জেলা বাছাই কমিটিতে প্রেরণ করবেন (প্রতিটি ক্ষেত্র ও শ্রেণির বিপরীতে সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে);

৮.১.৩. যে সকল সরকারি প্রতিষ্ঠানের মাঠ পর্যারের অফিস একাধিক জেলায় বিস্তৃত সে সকল দপ্তরের বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা তার দপ্তরের প্রাথমিক মনোনয়ন অধিদপ্তর/সংস্থা পর্যায়ের বাছাই কমিটিতে প্রেরণ করবেন (প্রতিটি ক্ষেত্রে শ্রেণিভিত্তিক সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে);

৮.১.৪. যে সকল সরকারি প্রতিষ্ঠানের জেলা/উপজেলা ও বিভাগীয় পর্যায়ে স্থায়ী অফিস নেই সে সব প্রতিষ্ঠান প্রাথমিক মনোনয়নের সংক্ষিপ্ত তালিকা সরাসরি বাছাই কমিটির নিকট প্রেরণ করবেন (প্রতিটি ক্ষেত্রে শ্রেণিভিত্তিক সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে);

৮.১.৫. মন্ত্রণালয় পর্যায়ের মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে সরাসরি বাছাই কমিটিতে প্রেরণ করতে হবে;

৮.১.৬. মনোনয়নের স্বপক্ষে কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির পটভূমি, উদ্দেশ্য ও অগ্রাধিকার, বাস্তবায়নের জন্য গৃহীত কৌশল, ব্যবহৃত উদ্ভাবনীমূলক পদ্ধতি, বাস্তবায়নকাল, অসাধারণ অর্জন ও ফলাফল, ইতিবাচক পরিবর্তন ও প্রভাব, টেকসই এবং সর্বোপরি এ প্রক্রিয়ায় মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের ভূমিকা এবং সংশ্লিষ্টতা সম্পর্কিত প্রমাণাদি থাকতে হবে; এবং

৮.১.৭. সকল মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে অবশ্যই নির্ধারিত ছক **(সংযোজনী-'ক')** ব্যবহার করতে হবে।

**৮.২.বাছাই:**

মাঠ পর্যায় হতে মনোনয়ন প্রেরণের জন্য নিম্নলিখিত বাছাই কমিটি থাকবে:

**৮.২.১. জেলা বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | -সভাপতি |
| ২. | সিভিল সার্জন | -সদস্য |
| ৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | -সদস্য |
| ৪. | পুলিশ সুপার | -সদস্য |
| ৫. | সংশ্লিষ্ঠ জেলায় অবস্থিত বিশ্ববিদ্যলয়ের (যদি থাকে) আইসিটি  বিষয়ক বিভাগের শিক্ষক | -সদস্য |
| ৬. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | -সদস্য |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার [(সকল) (সংশ্লিষ্ট জেলার)] | -সদস্য |
| ৮. | জেলা শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| ৯. | আইসিটি বিশেষজ্ঞ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ১০. | সহকারী প্রোগ্রামার/প্রোগ্রামার | -সদস্য |
| ১১. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | -সদস্য সচিব |

**কর্মপরিধি:**

ক) জেলা বাছাই কমিটি প্রতি বছর প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে ১টি করে মোট ৬টি মনোনয়ন বাছাই করে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর পর্যায়ের প্রাথমিক বাছাই কমিটিতে প্রেরণ করবে;
খ) বাছাই এর ক্ষেত্রে নির্ধারিত মূল্যায়ন ছক ব্যবহার করতে হবে;
গ) প্রয়োজনে কমিটি অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে;
ঘ) জাতীয় কমিটি কর্তৃক অনুমোদনের পর জেলা কমিটি জেলা পর্যায়ে পুরস্কার প্রদান করবে; এবং
ঙ) জেলা কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.২.২. অধিদপ্তর/সংস্থা পর্যায়ে বাছাই কমিটি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | অধিদপ্তর/সংস্থার প্রধান | -সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | -সদস্য |
| ৩. | সদস্য/পরিচালক/অতিরিক্ত পরিচালক পর্যায়ের কর্মকর্তা | -সদস্য |
| ৪. | অধিদপ্তর/ সংস্থার অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মকর্তা | -সদস্য |
| ৫. | অধিভুক্ত বিশ্ববিদ্যলয়ের আইসিটি বিষয়ক বিভাগের শিক্ষক | -সদস্য |
| ৬. | অধিদপ্তর/সংস্থার পরিচালক/উপ-পরিচালক পর্যায়ের কর্মকর্তা | -সদস্য সচিব |

**কর্মপরিধি:**

(ক) অধিদপ্তর/সংস্থা নিজ দপ্তরের মনোনয়ন পর্যালোচনা করে সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করবে, প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে ১টি করে সর্বোচ্চ ৬টি মনোনয়ন স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের বাছাই কমিটির নিকট প্রেরণ করবে;
(খ) বাছাই এর ক্ষেত্রে নির্ধারিত মূল্যায়ন ছক ব্যবহার করতে হবে;
(গ) প্রয়োজনে কমিটি অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে; এবং
(ঘ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.২.৩. মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব | -সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব (প্রশাসন) | -সদস্য |
| ৩. | মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর প্রধানবৃন্দ | -সদস্য |
| ৪. | বিশেষজ্ঞ প্রতিনিধি | -সদস্য |
| ৫. | যুগ্মসচিব (প্রশাসন)/উপসচিব (প্রশাসন) | -সদস্য সচিব |

**কর্মপরিধি:**

(ক) মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সকল দপ্তরের এবং মাঠ পর্যায় হতে প্রাপ্ত মনোনয়ন বাছাই করে প্রতি বছর প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে ১টি করে সর্বোচ্চ ৬টি মনোনয়ন জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করবে;
(খ) কমিটি প্রয়োজনে অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে;
(গ) কমিটি বাছাই এর স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করে সকলের স্বাক্ষর সম্বলিত লিখিত প্রতিবেদন সুপারিশসহ প্রেরণ করবে; এবং
(গ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.২.৪. প্রাথমিক বাছাই কমিটি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), আইসিটি বিভাগ | -সভাপতি |
| ২. | মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর এর উপযুক্ত প্রতিনিধি | --সদস্য |
| ৩. | নির্বাহী পরিচালক, বিসিসি এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ৪. | প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্প এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ৫. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ৬. | অধ্যাপক, সিএসই বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | -সদস্য |
| ৭. | আধ্যাপক, সিএসই বিভাগ, বুয়েট | -সদস্য |
| ৮. | বেসরকারী বিশ্ববিদ্যালয়ের আইসিটি বিষয়ক বিভাগের শিক্ষক | -সদস্য |
| ৯. | কন্ট্রোলার ,কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১০. | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১১. | ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১৩. | বেসিসের উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১৪. | BCS এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১৫. | ISPAB এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১৬. | BACCO এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১৭. | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন এর উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| ১৮. | উপ-সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অধিশাখা), আইসিটি বিভাগ | -সদস্য সচিব |

**কার্যপরিধি:**

(ক) জাতীয় দৈনিক/অধিদপ্তরের ওয়েবসাইটে মনোনয়ন/আবেদনপত্র আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করবে;

(খ) নির্ধারিত মূল্যায়ণপত্র **(সংযোজনী খ এবং গ)** অনুসরণ করে আবেদনসমূহ মূল্যায়ণের উদ্যোগ গহণ করবে;

(গ) আবেদন পত্রসমূহ যাচাই/বাছাই এবং প্রয়োজনে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতি ক্যাটাগরিতে সর্বোচ্চ ৩টি আবেদন জাতীয় কমিটিতে সুপারিশ প্রেরণ করবে; এবং

(ঘ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

### ৮.২.৫. জাতীয় কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| | | |
|---|---|---|
| ১. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্ব প্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী | -সভাপতি |
| ২. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | -সদস্য |
| ৩. | সচিব, কৃষি মন্ত্রণালয় | -সদস্য |
| ৪. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | -সদস্য |
| ৫. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | -সদস্য |
| ৬. | সচিব, আইসিটি বিভাগ | -সদস্য |
| ৭. | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | -সদস্য |
| ৮. | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | -সদস্য |
| ৯. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | -সদস্য |
| ১০. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | -সদস্য |
| ১১. | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় | -সদস্য |
| ১২. | উপাচার্য, বুয়েট | -সদস্য |
| ১৩. | অতিরিক্ত সচিব (সাধারণ সেবা অনুবিভাগ) আইসিটি বিভাগ | -সদস্য সচিব |

**জাতীয় কমিটির কার্যপরিধি:**

(ক) প্রাথমিক বাছাই কমিটির সুপারিশ মূল্যায়নপূর্বক চূড়ান্ত মনোনয়ন নির্ধারণ করবে।

### ৯. অনুমোদন:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রস্তাবসমূহ প্রাথমিক বাছাই কমিটির মাধ্যমে বাছাইয়ের বিবেচনার জন্য জাতীয় কমিটিতে উপস্থাপন করবে। জাতীয় কমিটি জাতীয় ও জেলা উভয় পর্যায়ে পদকের জন্য প্রাপ্ত মনোনয়ন চূড়ান্ত করবে এবং জেলা পর্যায়ের মনোনয়ন অনুমোদন করবে।

### ১০. পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলি:

১০.১. নির্ধারিত ছকে মনোনয়নের ৩ কপি পূরণকৃত ফরম প্রাথমিক বাছাই কমিটির নিকট প্রেরণ করতে হবে এবং এর সফট কপি সরাসরি এবং চাহিদামতে নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে;

১০.২. মনোনয়ন পত্রে অসম্পূর্ণ তথ্য অথবা অস্পষ্ট বর্ণনা এবং নমুনা অনুযায়ী যথাযথ প্রমাণপত্র না থাকলে মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে;

১০.৩. এ পুরস্কার কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে; এবং

১০.৪. কোন শ্রেণিতে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোন প্রস্তাব পাওয়া না গেলে, সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান জাতীয় কমিটির সিদ্ধান্তের উপর নির্ভর করবে।

**সংযোজনী-ক**

# (মনোনয়ন ছক)

১. যে শ্রেণিতে পুরস্কারের জন্য মনোনয়ন সুপারিশ করা হচ্ছে:
[প্রযোজ্য শ্রেনীতে টিক (√) চিহ্ন দিন]

১. সরকারি /বেসরকারি কর্মকর্তা/কর্মচারি- ব্যক্তিগত অবদান;
২. সরকারি /বেসরকারি কর্মকর্তা/কর্মচারিগণ-দলগত অবদান;
৩. প্রাতিষ্ঠানিক অবদান

২. নিম্নলিখিত যে ক্ষেত্রে অবদানের জন্য মনোনয়ন প্রদান করা হচ্ছে:
[প্রযোজ্য শ্রেনীতে টিক (√) চিহ্ন দিন]

ক. **সাধারণ**

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে মানব সম্পদ উন্নয়ন;
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিল্পের বিকাশে অবদান;
৩ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়নে অবদান;
৪. কেন্দ্রীয় বা মাঠ পর্যায়ে ই-সার্ভিস বাস্তবায়ন; এবং
৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে নাগরিক সেবার মানোন্নয়ন।

খ. **কারিগরি**

১.তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সফটওয়ার/হার্ডওয়ার উন্নয়ন;
২.তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের নিরাপত্তা (সাইবার নিরাপত্তা);
৩.তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গবেষণা ও উদ্ভাবন; এবং
৪.বাংলাদেশে সমৃদ্ধি আনয়নে ইমার্জিং টেকনোলজির ব্যবহার।

৩. মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

১. ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের নাম.........................................................
২. যোগাযোগ:
৩. ফোন: (দাপ্তরিক)......................... (আবাসিক) ..................................
ফ্যাক্স নম্বর:.................................মোবাইল:.......................................
ই-মেইল:...........................................................................
প্রতিষ্ঠানের ওয়েবসাইট:.........................................................

৪. মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

১. প্রতিষ্ঠান প্রধানের নাম........................পদবী ..............................
২. প্রতিষ্ঠানের নাম:.................................................................
৩. যোগাযোগের (পূর্ণাঙ্গ) ঠিকানা: ........................ ............................
৪. ফোন: (দাপ্তরিক).................................. (আবাসিক) .....................
ফ্যাক্স নম্বর:...............................মোবাইল:........................................
ই-মেইল:...........................................................................

৫. যে উদ্যোগ/প্রকল্প/ধারণার জন্য মনোনয়ন দেয়া হচ্ছে তার নাম:

৬. সুপারিশকৃত মনোনয়নের প্রকৃতি নীতিমালায় বর্ণিত যে বিষয়ের (নীতিমালার ৩ অনুচ্ছেদ) অন্তর্গত তার উল্লেখকরণ:

৭. সুপারিশকৃত মনোনয়ন নীতিমালায় (নীতিমালার ৩ অনুচ্ছেদ অনুযায়ী) বর্ণিত কোন কোন ইতিবাচক অবদান রাখছে তা উল্লেখপূর্বক তাঁর স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্র প্রেরণ করতে হবে।

৮. অনধিক ১০০০ শব্দের মধ্যে মনোনয়নের স্বপক্ষে নিম্নলিখিত বিষয় সম্বলিত প্রমানক সংযুক্ত করণ:

১. প্রেক্ষাপট;
২. অগ্রাধিকার ও উদ্দেশ্যসমূহ;
৩. ব্যবহৃত সৃজনশীল পদ্ধতিসমূহ;
৪. প্রকল্প শুরু/বাস্তবায়নের সময়কাল;
৫. প্রকল্প/উদ্যোগের ফলে সৃষ্ট প্রভাব/পরিবর্তন;
৬. অসাধারন অর্জন (প্রতিটি চিহ্নিত প্রভাবকে ব্যাখ্যার জন্য ১৫০ শব্দের মধ্যে বিবরণ দিন);
৭. প্রকল্প/উদ্যোগ মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের ভূমিকা/সম্পৃক্ততার ধরণ;
৮. টেকসই অবস্থা; এবং
৯. প্রকল্প/উদ্যোগ সংক্রান্ত ওয়েবসাইট থাকলে তাঁর লিংক উল্লেখ করুন।

মনোনয়ন প্রেরণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান

খসড়া

**সংযোজনী-খ**

**মূল্যায়ন ছক (প্রাতিষ্ঠানিক পুরস্কারের জন্য)**

| **মূল্যায়ন নির্ণায়ক** | **সর্বোচ্চ স্কোর** |
|---|---|
| **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সেবা উন্নয়ন কৌশল এবং লক্ষ্য**<br>☐ মনোনীত প্রতিষ্ঠানের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে লক্ষ্য ও সেবা উন্নয়নের কৌশল।<br>☐ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে প্রতিষ্ঠানের লক্ষ্য এবং সেবা উন্নয়নের কৌশল প্রণয়নের ক্ষেত্রে ব্যবহারকারীর মতামত বিশ্লেষণ ও গ্রহণ। | ১০ |
| **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা উন্নয়নে গৃহীত উদ্যেগ এবং তার ফলাফল**<br>☐ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা উন্নয়নে গৃহীত উদ্যোগগুলোর পরিকল্পনা ও বাস্তবায়ন।<br>☐ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সেবা উন্নয়নে অর্জিত লক্ষ্য। | ৫০ |
| **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা প্রদানের মানসিকতার উন্নয়ন**<br>☐ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে সেবা প্রদানের মানসিকতার উন্নয়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারি/সেবা প্রদানকারীদের পরামর্শ প্রদানের উদ্দেশ্যে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রচেষ্টা।<br>☐ বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা উদ্যোগ বাস্তবায়নে কর্মচারিদের সম্পৃক্ততা এবং দলগত উদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ এবং আইসিটি খাতে এর ইতিবাচক প্রভাব। | ২০ |
| **আইসিটি সেক্টরে সরকারের ভাবমূর্তি উন্নয়ন**<br>☐ প্রতিষ্ঠানের আইসিটি সেবা সম্পর্কে জনগণ ও প্রচার মাধ্যমের কাছে ইতিবাচক ধারণা সৃষ্টিতে গৃহীত শিক্ষামূলক বা প্রচারণামূলক পদক্ষেপ।<br>☐ আইসিটি সেবা কার্যক্রমে সরকারের ভাবমূর্তি উন্নয়নে মনোনীত প্রতিষ্ঠানের ভূমিকা। | ২০ |
| **মোট** | **১০০** |

**সংযোজনী-গ**

**মূল্যায়ন ছক (ব্যক্তিগত ও দলগত পুরস্কারের জন্য)**

| মূল্যায়ন নির্ণায়ক | সর্বোচ্চ স্কোর |
|---|---|
| কৌশল এবং উদ্দেশ্য | ১৫ |
| ◻ মনোনীত ব্যক্তির প্রতিষ্ঠান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সামগ্রিকভাবে সরকারের মিশন এবং ভিশনের সাথে উদ্ভাবিত বিষয়/সেবার সামঞ্জস্যপূর্ণতা। | |
| সেবার কাঠামো | ৩০ |
| ◻ জনসেবা সহজীকরণে উদ্ভাবিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক সেবা।<br>◻ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক সার্ভিস গ্রহণকারী এবং সেবা প্রদানে সংযুক্তদের মতামত বিশ্লেষণ।<br>◻ প্রস্তাবিত উদ্ভাবিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক সেবাটির আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা ও মানসম্পন্নতা। | |
| সেবার বাস্তবায়ন | ৩০ |
| **প্রতিবন্ধকতা**<br>◻ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক এ সংক্রান্ত সেবা প্রদানে প্রতিবন্ধকতা মোকাবেলা ও প্রতিকারের সামর্থ্যতা | |
| **গৃহীত পদক্ষেপ**<br>◻ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উদ্ভাবিত সেবার কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ এবং উপকারভোগীর ধ্যানধারণা বৃদ্ধির জন্য গৃহীত পদক্ষেপ | |
| **দলগত কার্যক্রম**<br>◻ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উদ্ভাবিত সেবা প্রদানে ব্যক্তি/দলগত কার্যক্রমের ভূমিকা। | |
| **ফলাফল** | ২৫ |
| ◻ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উদ্ভাবিত সেবা তার লক্ষ্য অর্জন করতে পেরেছে কিনা?<br>[ মনোনয়ন প্রাপ্ত ব্যক্তির কর্মস্থল, ভোক্তা এবং জনগণের নিকট নতুন সেবার গ্রহণযোগ্যতা ]<br>◻ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উদ্ভাবিত সেবা প্রদানের লক্ষ্যে বিনিয়োগের বিপরীতে প্রাপ্তি (গুণগত এবং পরিমাণগত অর্জনের প্রমাণাদিসহ/দলিলাদিসহ) | |
| **মোট** | **১০০** |